

# Prime Minister Modi's meeting with President of Indonesia H.E. Mr. Joko Widodo on the sidelines of G20 in Rome, Italy

October 31, 2021

---

**ইতালীর রোমো জি-২০ শিখর সম্মেলনের মাঝে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে  
ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি মিঃ জোকো উইডোডোর বৈঠক  
31 অক্টোবর, 2021**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রবিবার (31 অক্টোবর) ইতালীর রোমে জি-20 শিখর সম্মেলনের মাঝে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি মিঃ জোকো উইডোডোর সঙ্গে বৈঠক করেছেন।

আগামী বছর জি-20 শিখর সম্মেলনের সভাপতিত্ব করার জন্য ইন্দোনেশিয়াকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। 'ত্রৈয়ী'র অঙ্গ হিসেবে ইন্দোনেশিয়ার সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য ভারতের প্রস্তুতির বিষয়ে রাষ্ট্রপতিকে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী।

উভয় নেতা ভারত এবং ইন্দোনেশিয়ার মধ্যে কৌশলগত অংশীদারিত্বের সাম্প্রতিক বিষয় নিয়ে আলোচনা করেছেন। দুই নেতা কোভিড-19 মহামারী চলাকালীন একে অপরের মধ্যে নিরন্তর সহযোগিতা বজায় রাখার জন্য প্রশংসা জানিয়েছেন এবং মহামারী পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় সাহায্য চালিয়ে যেতে সম্মত হয়েছেন। উভয়ে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহযোগিতার গুরুত্বের ওপর জোর দিয়েছেন।

দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ জোরদার করে তোলা এবং মানুষের সঙ্গে মানুষের পারস্পরিক সম্পর্ক আরও মজবুত করার পথ প্রশস্ত করার বিষয়ে দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন।

উভয় নেতার মধ্যে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিশেষ করে জলবায়ু ভিত্তিক অর্থনীতির বিষয়ে প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রয়োজনীয়তার ওপর আলোচনা হয়েছে।

রোম,

31 অক্টোবর, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.